# ২০০৯-২০২৩ সময়কালে

# গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের তথ্যচিত্র



অক্টোবর ২০২৩

গণপূর্ত অধিদপ্তর
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

# সূচিপত্র


৯ সংক্ষিপ্ত পরিচিতি

১১ গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহের তথ্যচিত্র

১৫ আবাসন সুবিধা সৃষ্টি

৩৯ প্রাতিষ্ঠানিক সুবিধা সৃষ্টি

৪৩ সরকারি গুরুত্বপূর্ণ স্থাপনা সংস্কার

৫৫ কারিগরি দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প

৬১ পরিবেশগত ভারসাম্য রক্ষায় পার্ক/জলাশয় নির্মাণ

৬৫ অন্যান্য স্থাপনা নির্মাণ

## ১.১ সংক্ষিপ্ত পরিচিতি

বাংলাদেশ নির্মাণ অঙ্গনের পথিকৃৎ গণপূর্ত অধিদপ্তর। প্রায় দুইশত বছর ধরে গণপূর্ত অধিদপ্তর দেশের অবকাঠামো উন্নয়নের জন্য প্রয়োজনীয় মান নির্ধারণ করে আসছে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন গণপূর্ত অধিদপ্তর সরকারি নির্মাণ প্রকল্প বাস্তবায়নে কেন্দ্রীয় ভূমিকা পালন করে থাকে। এছাড়া অতিরিক্ত দায়িত্ব হিসেবে স্বায়ত্তশাসিত সংস্থাগুলোর প্রকল্প বাস্তবায়নেও ভূমিকা পালন করে আসছে। গণপূর্ত অধিদপ্তরে সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারসহ একটি দক্ষ ও অভিজ্ঞ জনবল রয়েছে। বছরের পর বছর ধরে গড়ে উঠা পেশাদারিত্ব ও কাজের মান গণপূর্ত অধিদপ্তরের অভিজ্ঞতাকে আরো সমৃদ্ধ করেছে। বর্তমানে সরকারের 'রূপকল্প-২০৪১' 'টেকসই উন্নয়ন অভিলক্ষ্য-২০৩০' বাস্তবায়নের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সমন্বিত কর্মপরিকল্পনা নিয়ে গণপূর্ত অধিদপ্তর কাজ করে যাচ্ছে।

গণপূর্ত অধিদপ্তর একজন প্রধান প্রকৌশলীর নেতৃত্বে পরিচালিত হয়। প্রধান প্রকৌশলী এই অধিদপ্তরের প্রশাসনিক ও কারিগরী প্রধান। তিনি বাংলাদেশ সরকারের কারিগরী উপদেষ্টা হিসেবেও দায়িত্ব পালন করেন। তাঁর পরের অনুশাসনে আছেন ১৬ জন অতিরিক্ত প্রধান প্রকৌশলী। প্রত্যেক অতিরিক্ত প্রধান প্রকৌশলীর অধীনে আলাদা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলীর ক্রমোচ্চ শ্রেণীবিভাগ রয়েছে।


গণপূর্ত অধিদপ্তরের অপারেশনাল ইউনিটগুলো সারাদেশ জুড়ে ছড়িয়ে আছে। প্রকল্প বাস্তবায়নে কারিগরী, প্রশাসনিক ও তত্ত্বাবধানের অধিকতর নিয়ন্ত্রণ এবং ব্যবহারকারীর সন্তুষ্টি বিধান করার জন্য মাঠ পর্যায়ের অফিসগুলো জোন, সার্কেল, ডিভিশন ও সাব-ডিভিশন নিয়ে গঠিত।




## ১.২ গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রধান কর্মকান্ড




১. টেকসই, নিরাপদ ও সাশ্রয়ী আবাসন/সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত দপ্তরসমূহের জন্য অধিক সুযোগ-সুবিধাসম্পন্ন ভবন/অফিস/অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণের কাজ।
২. সরকারি পরিত্যক্ত সম্পত্তির সুষ্ঠু রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।
৩. নির্মাণ সামগ্রীর মূল্যমানের স্থিতিশীলতায় ভূমিকা পালন।
৪. সরকারি বিভিন্ন স্থাপনার কাঠামো নকশা প্রস্তুত।
৫. বিভিন্ন স্মৃতিস্তম্ভ এবং ঐতিহাসিক স্থাপনাসমূহের পুনর্নির্মাণ, রক্ষণাবেক্ষণ এবং সংস্কার।
৬. পাবলিক উদ্যানসমূহের রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন।
৭. সরকারি অফিস ও বাসভবনের ভাড়া নির্ধারণ।
৮. কর বহির্ভূত রাজস্ব আদায়।
৯. সিডিউল অব রেইট্স প্রণয়ন।
১০. সরকারি মালিকানাধীন জমির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।



## ২.১ ২০০৯ হতে ২০২৩ সময়কালে বছরভিত্তিক উন্নয়ন প্রকল্পের মোট ব্যয়ের লেখচিত্র



## ২.২ আবাসন সুবিধা সৃষ্টি



**প্রকল্পের নাম:** ঢাকাস্থ জিগাতলায় সরকারি কর্মকর্তা/কর্মচারীদের (গণপূর্ত ও স্থাপত্য অধিদপ্তর) জন্য ২৮৮টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ।



**প্রকল্পের বাস্তবায়নকাল**

সেপ্টেম্বর ২০১৭ হতে জুন ২০২৩

**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**

৩০৩৮৪.০০

**উদ্যোগী মন্ত্রণালয়**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের স্থান**

জিগাতলা, ঢাকা

**প্রকল্পের উদ্দেশ্য**

গণপূর্ত অধিদপ্তর ও স্থাপত্য অধিদপ্তরে কর্মরত সরকারি কর্মকর্তাদের আবাসন সুবিধা প্রদান করা।

**প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ**

- ৬টি ১৩ তলা ভবনে মোট ২৮৮টি ফ্ল্যাট
- ২টি ১০০০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ১৩ তলা ভবন (৪ ইউনিট)= ৯৬ ফ্ল্যাট
- ৩টি ১২৫০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ১৩ তলা ভবন (৪ ইউনিট)= ১৪৪ ফ্ল্যাট
- ১টি ১৫০০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ১৩ তলা ভবন (৪ ইউনিট)= ৪৮ ফ্ল্যাট
- ১টি ৫০০০ বর্গফুট বিশিষ্ট ৬ তলা কমিউনিটি ভবন

**প্রকল্পের নাম:** চট্টগ্রাম আগ্রাবাদস্থ সিজিএস কলোনীতে জরাজীর্ণ ১১টি ভবনের স্থলে ৯টি বহুতল আবাসিক ভবনে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৬৮৪টি ফ্ল্যাট নির্মাণ।



**প্রকল্পের বাস্তবায়নকাল**
জুলাই ২০১৮ হতে জুন ২০২৩

**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**
৪৮২৯৩.৫৭

**উদ্যোগী মন্ত্রণালয়**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের স্থান**
আগ্রাবাদ, চট্টগ্রাম

**প্রকল্পের উদ্দেশ্য**
সরকারি কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সুবিধা প্রদান, মানসম্পন্ন ও স্বাস্থ্যকর বাসস্থান নিশ্চিত করা ও কর্মকর্তা/কর্মচারীদের কাজের মান বৃদ্ধি।

**প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ**

- ৯টি ২০ তলা ভবনে মোট ৬৮৪টি ফ্ল্যাট
- ৩টি ১০০০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ২০ তলা ভবন (৪ ইউনিট) = ২২৮ ফ্ল্যাট
- ৪টি ৮৫০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ২০ তলা ভবন (৪ ইউনিট) = ৩০৪ ফ্ল্যাট
- ২টি ৬৫০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ২০ তলা ভবন (৪ ইউনিট) = ১৫২ ফ্ল্যাট
- সাব-স্টেশন, জেনারেটর, লিফট ইত্যাদি।

**প্রকল্পের নাম:** ঢাকার তেজগাঁওয়ে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য বহুতল আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (১৩ তলা ভবন)।



**প্রকল্পের উদ্দেশ্য**

- সরকারি কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক বাসস্থান নিশ্চিতকরণ।

**প্রকল্পের বাস্তবায়নকাল**

জুলাই ২০১৮ হতে জুন ২০২২

**উদ্যোগী মন্ত্রণালয়**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**

১৬৮৫২.৩৪

**প্রকল্পের স্থান**

তেজগাঁও, ঢাকা

**প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ**

- ৬টি ১০ তলা ভবনে মোট ২৮৮টি ফ্ল্যাট
- ৪টি ৮৫০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ১৩ তলা ভবন (৪ ইউনিট)= ১৯২ ফ্ল্যাট
- ২টি ৬৫০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ১৩ তলা ভবন (৪ ইউনিট)= ৯৬ ফ্ল্যাট
- ৬ তলা অফিস ভবন, ৬ তলা ভিত বিশিষ্ট ৩ তলা কমিউনিটি ভবন, সাব-স্টেশন ভবন, অভ্যন্তরীণ রাস্তা ওয়াকওয়ে, মসজিদ দ্বিতলকরণ, গণপূর্ত অফিস ভবন, কম্পাউন্ড ড্রেন, সীমানা প্রাচীর।

## প্রকল্পের নাম: নোয়াখালী সদরে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ।

**প্রকল্পের বাস্তবায়নকাল**
জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২২

**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**
২১৯০৫.৪০

**উদ্যোগী মন্ত্রনালয়**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের স্থান**
নোয়াখালী

**প্রকল্পের উদ্দেশ্য**
সরকারি কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক বাসস্থান নিশ্চিতকরণ।

**প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ**
- ৯টি ১০ তলা ভবনে মোট ৩২৪টি ফ্ল্যাট
- ২টি ১২৫০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ১০ তলা ভবন (৪ ইউনিট)= ৭২ ফ্ল্যাট
- ২টি ১০০০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ১০ তলা ভবন (৪ ইউনিট)= ৭২ ফ্ল্যাট
- ২টি ৮৫০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ১০ তলা ভবন (৪ ইউনিট)= ৭২ ফ্ল্যাট
- ৩টি ৬৫০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ১০ তলা ভবন (৪ ইউনিট)= ১০৮ ফ্ল্যাট



## প্রকল্পের নাম: ঢাকাস্থ মতিঝিল সরকারি কলোনিতে (হাসপাতাল জোন স্টোর কম্পাউন্ড) বহুতল আবাসিক ভবন নির্মাণ।

**প্রকল্পের বাস্তবায়নকাল**
সেপ্টেম্বর ২০১৭ হতে জুন ২০২১

**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**
২৫৭২২.০০

**উদ্যোগী মন্ত্রণালয়**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের স্থান**
মতিঝিল, ঢাকা

**প্রকল্পের উদ্দেশ্য**
বহুতল ভবন নির্মাণের মাধ্যমে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের একটি নির্দিষ্ট জায়গায় সকল প্রকার আধুনিক সুযোগ সুবিধা নিশ্চিত করে আবাসন সমস্যার সমাধান।






**প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ**
- ৫টি ২০ তলা ভবন ৩৮০টি ফ্ল্যাট নির্মিত হয়েছে
- ৩টি ৮০০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ২০ তলা ভবন (৪ ইউনিট) = ২২৮ ফ্ল্যাট
- ২টি ১০০০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ২০ তলা ভবন (৪ ইউনিট) = ১৫২ ফ্ল্যাট

## প্রকল্পের নামঃ ইস্কাটনে সিনিয়র সচিব/সচিব/গ্রেড ১ কর্মকর্তাদের জন্য ৩টি ২০ তলা ভবনে ১১৪টি ফ্ল্যাট নির্মাণ)।

**প্রকল্পের বাস্তবায়নকাল**
জানুয়ারি ২০১৬ হতে জুন ২০২০

**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**
৪৪৯৪.৮৯

**উদ্যোগী মন্ত্রণালয়**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের স্থান**
ইস্কাটন, ঢাকা

**প্রকল্পের উদ্দেশ্য**
সিনিয়র সচিব/সচিব/গ্রেড ১ কর্মকর্তাগণের আবাসন সমস্যা নিরসন।

**প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ**
- ৩টি ২০ তলা ভবনে ১১৪টি ফ্ল্যাট নির্মিত হয়েছে।
- ১টি ৩৪৯০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ২০ তলা ভবন (২ ইউনিট) = ৩৮ ফ্ল্যাট
- ১টি ৩৪৭০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ২০ তলা ভবন (২ ইউনিট) = ৩৮ ফ্ল্যাট
- ১টি ৩৪৫৫ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ২০ তলা ভবন (২ ইউনিট) = ৩৮ ফ্ল্যাট



## প্রকল্পের নামঃ এসএসএফ এর অফিসার্স মেস ও নন গেজেটেড কর্মচারীদের আবাসিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ।





### প্রকল্পের বাস্তবায়নকাল
ফেব্রুয়ারি ২০১৮ হতে জুন ২০২০

### প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)
৩৫৯৩.৪৪

### উদ্যোগী মন্ত্রণালয়
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

### প্রকল্পের স্থান
তেজগাঁও, ঢাকা

### প্রকল্পের উদ্দেশ্য
মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তায় নিযুক্ত বিশেষ নিরাপত্তা বাহিনী (এসএসএফ) এর কর্মকর্তা এবং প্রধানমন্ত্রী কার্যালয়ে কর্মরত সকল নন-গেজেটেড কর্মচারীদের জন্য পর্যাপ্ত ও সুপরিকল্পিত আবাসিক কাঠামো নির্মাণ করার মাধ্যমে সুন্দর পরিবেশে বসবাসের ব্যবস্থা করা।

### প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ
- এসএসএফ এর অফিসার্স মেসে ৩৬ জন অফিসারের জন্য ১৮টি রুম, ২টি ভিআইপি স্যুট, ১টি কনফারেন্স রুম কাম লাইব্রেরী।
- নন-গেজেটেড কর্মচারিদের জন্য আবাসিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ (৭ম-১৪তম তলা); এর মাধ্যমে ৩২টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে।
- মোট ফ্ল্যাট ৫২টি।

## প্রকল্পের নাম: ঢাকার আজিমপুরে সরকারি কলোনীতে বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ।

**প্রকল্পের বাস্তবায়নকাল**
জুলাই ২০১৪ হতে জুন ২০১৮

**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**
২৭৫৭৬.৮৩

**উদ্যোগী মন্ত্রণালয়**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের স্থান**
আজিমপুর, ঢাকা

**প্রকল্পের উদ্দেশ্য**
সরকারি কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সমস্যা সমাধান।

**প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ**

- ৬টি ২০তলা ভবনে মোট ৪৫৬টি ফ্ল্যাট নির্মিত হয়েছে।
- ২টি ১০০০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ২০ তলা ভবন (৪ ইউনিট)= ১৫২ ফ্ল্যাট
- ৪টি ৮০০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ২০ তলা ভবন (৪ ইউনিট)= ৩০৪ ফ্ল্যাট







**প্রকল্পের নাম:** সুপ্রীম কোর্টের মাননীয় বিচারপতিগণের জন্য সুউচ্চ আবাসিক ভবন নির্মাণ।

**প্রকল্পের বাস্তবায়নকাল**
জানুয়ারি ২০১২ হতে জুন ২০১৭


**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**
১৭৩৬৪.৬৪

**উদ্যোগী মন্ত্রণালয়**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের স্থান**
কাকরাইল, ঢাকা

**প্রকল্পের উদ্দেশ্য**
সুপ্রীম কোর্টের মাননীয় বিচারপতিগণের আবাসিক সমস্যা নিরসন।

**প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ**
১টি ৩৬৫০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ২০ তলা ভবন (৪ ইউনিট) = ৭৬ ফ্ল্যাট



**প্রকল্পের নামঃ** পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ২২৪টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ।



**প্রকল্পের বাস্তবায়নকাল**

আগস্ট ২০১৫ হতে জুন ২০১৯

**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**

১০৫৮৮.০০

**উদ্যোগী মন্ত্রণালয়**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের স্থান**

আগারগাঁও, ঢাকা

**প্রকল্পের উদ্দেশ্য**

পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সমস্যা সমাধান।

**প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ**

- ৪টি ১৫তলা ভবনে মোট ২২৪টি ফ্ল্যাট নির্মিত হয়েছে।
- ২টি ৮০০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ১৫ তলা ভবন (৪ ইউনিট) = ১১২ ফ্ল্যাট।
- ২টি ৬৫০ বর্গফুট ফ্ল্যাট বিশিষ্ট ১৫ তলা ভবন (৪ ইউনিট) = ১১২ ফ্ল্যাট।

**প্রকল্পের নাম:** মাদারীপুরে সরকারি অফিসের জন্য বহুতল ভবন নির্মাণ (১টি ১০ তলা অফিস ভবন)।



**প্রকল্পের বাস্তবায়নকাল**
জানুয়ারি ২০১৬ হতে জুন ২০২১

**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**
৮৩০৬.৬৯

**উদ্যোগী মন্ত্রণালয়**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের স্থান**
মাদারীপুর

**প্রকল্পের উদ্দেশ্য**
জনসাধারণের জন্য সরকারি বহুবিধ সেবা একটি অফিস ভবন থেকে প্রদান করার সুযোগ সৃষ্টি

**প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ**
- ১টি বেজমেন্ট সহ ১টি ১০ তলা অফিস ভবন
- সাব-স্টেশন, জেনারেটর, লিফট, সিসিটিভি
- ড্রেন, রাস্তা, বাউন্ডারি ওয়াল।

## প্রকল্পের নাম: বাংলাদেশ জাতীয় সংসদ ভবনের উত্তর প্লাজাকে অফিসে রুপান্তরসহ আনুষঙ্গিক কাজ।

**প্রকল্পের বাস্তবায়নকাল**
জুলাই ২০২১ হতে জুন ২০২৩

**উদ্যোগী মন্ত্রণালয়**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের স্থান**
শেরে বাংলা নগর, ঢাকা

**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**
৪৯০৯.৬৮

**প্রকল্পের উদ্দেশ্য**
বাংলাদেশ জাতীয় সংসদ ভবনের উত্তর প্লাজার নিচে সুপরিসর জায়গাকে অফিসে রূপান্তরের মাধ্যমে সংসদ সচিবালয়ের অফিস স্পেস বৃদ্ধিকরণ।

**প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ**
- উত্তর প্লাজার নীচতলাকে অফিসে রূপান্তর।
- প্রবেশ গেটে অভ্যর্থনা কক্ষসহ সেন্ট্রি পোস্ট নির্মাণ।
- কার পার্কিং শেড নির্মাণ।







**প্রকল্পের নামঃ** বাংলাদেশ সুপ্রীম কোর্টের অভ্যন্তরীণ অবকাঠামোগত উন্নয়ন।





**প্রকল্পের বাস্তবায়নকাল**
জুলাই ২০১১ হতে জুন ২০১৭

**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**
২৪২৮.৩৮

**উদ্যোগী মন্ত্রনালয়**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের স্থান**
সেগুনবাগিচা, ঢাকা

**প্রকল্পের উদ্দেশ্য**
সুপ্রীমকোর্টের অবকাঠামোগত উন্নয়ন সাধন।

**প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ**
সুপ্রীমকোর্টের অবকাঠামোগত উন্নয়নসহ ফুটপাথ, এজলাস, খাস কামরাসহ অন্যান্য উন্নয়ন কাজ।

**প্রকল্পের নামঃ** গণপূর্ত অধিদপ্তর কর্তৃক দুর্যোগ ঝুঁকি হ্রাসে ভবন সুরক্ষা উন্নীতকরণ।


**প্রকল্পের বাস্তবায়নকাল**
এপ্রিল ২০১৭ হতে ডিসেম্বর ২০২১

**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**
৫৭৭৮.০০


**উদ্যোগী মন্ত্রণালয়**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের উদ্দেশ্য**
রেট্রোফিটিং কাজ বাস্তবায়ন।

**প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ**
রেট্রোফিটিং কাজ বাস্তবায়ন এর জন্য ৭টি ম্যানুয়াল প্রকাশ।


খুলনা মেডিকেল কলেজ এবং হাসপাতাল


বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর



খুলনা মেডিকেল কলেজ এবং হাসপাতাল


ময়মনসিংহ মেডিকেল কলেজ এবং হাসপাতাল

**প্রকল্পের নাম:** চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত জাম্বুরি মাঠে একটি আধুনিক সুযোগ সুবিধা বিশিষ্ট উদ্যান স্থাপন।

**প্রকল্পের বাস্তবায়নকাল**
জানুয়ারি ২০১৬ হতে জুন ২০১৮

**উদ্যোগী মন্ত্রণালয়**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের স্থান**
আগ্রাবাদ, চট্টগ্রাম

**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**
২৩৭২.৩২

**প্রকল্পের উদ্দেশ্য**
পরিবেশ এবং শিশুদের শারীরিক ও মানসিক বিকাশসহ নগরবাসীর চিত্ত বিনোদন ও জীবন মান উন্নয়নে ভূমিকা রাখবে।



**প্রকল্পের নাম:** ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিবি) এর কেন্দ্রীয় ভবন কমপ্লেক্সের উর্ধ্বমুখী সম্প্রসারণ (৩য় পর্যায়)

**প্রকল্পের বাস্তবায়নকাল**
জুলাই ২০১১ হতে জুন ২০১৫

**উদ্যোগী মন্ত্রণালয়**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**প্রকল্পের স্থান**
কাকরাইল, ঢাকা

**প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)**
২০৮২.৬০

**প্রকল্পের উদ্দেশ্য**
প্রকৌশলী এবং অন্যান্য প্রফেশনালদের প্রশিক্ষণের মাধ্যমে পেশাগত দক্ষতা ও উৎকর্ষতা বৃদ্ধিকরণের মাধ্যমে ভূমিকা রাখছে।

**প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ**
বিদ্যমান ৫ তলা ভবনের উপর অতিরিক্ত ৫টি ফ্লোর নির্মাণ করা হয়েছে। মোট ফ্লোর এরিয়া ৬৯৯০ বর্গমিটার।






গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা
ঢাকা-১০০০
www.pwd.gov.bd